

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৪ সেপ্টেম্বর' ২০২৩ খ্রি.

দেশের উন্নয়নের মূলে রয়েছে নারীর ক্ষমতায়ন : মেয়র

নারীর ক্ষমতায়ন কৌশলের উপর ভর করে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ঘটেছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

রোববার প্রীতিলতার আত্মহতি দিবস উপলক্ষ্যে অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের আয়োজিত স্মারক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

মেয়র বলেন, প্রীতিলতা সমাজ বদলের যে চেতনাকে ধারণ করে সংগ্রাম করেছেন সেই চেতনায় উন্নুন্দ হয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে উন্নয়ন পরিকল্পনা সাজিয়েছেন তার কেন্দ্রে আছে নারী সমাজের ভাগ্য বদল। একারণে দেশের অর্থনৈতিক পরিবর্তনের সাথে সাথে নারীদের ক্ষমতায়ন ঘটেছে। দেশের উন্নয়নে পুরুষের পাশাপাশি নারীরাও ভূমিকা রাখছে। অন্তর্ভুক্তিমূলক এ উন্নয়ন পরিকল্পনার জন্যই ২০৪১ সালের মধ্যে উন্নত, সমৃদ্ধ, স্মার্ট বাংলাদেশের স্বপ্ন দেখিছি আমরা।

চট্টগ্রামের বিপ্লবী ইতিহাস তুলে ধরে মেয়র রেজাউল বলেন, ব্রিটিশ বিরোধী আন্দোলনে প্রীতিলতার মতো বিপ্লবীদের অবদানে চট্টগ্রাম স্বল্প সময়ের জন্য স্বাধীনতা লাভ করে। আবার পাকিস্তান গঠনের পর আমরা দেখলাম আমাদের সাংস্কৃতিক অস্তিত্বের উপর হামলা হচ্ছে। ওরা বলল, সাহিত্যকর্মেও 'শুশান' লেখা যাবেনা 'গোরস্থান' লিখতে হবে। রবীন্দ্র সাহিত্য চর্চা করা যাবেনা। আমাদের গান, সাহিত্য, বাঙালি পরিচয় ভুলে যেতে হবে। চট্টগ্রামবাসী ৬ দফার মন্ত্রে দীক্ষিত হয়ে আবারো যুদ্ধে গেল, স্বাধীন করল স্বদেশ। আজকের শিক্ষার্থীদের উচ্চিং চট্টগ্রামের বিপ্লবের ইতিহাস জানা, দেশকে ভালবেসে বঙ্গবন্ধুর ক্ষুধামুক্ত-দারিদ্র্মুক্ত বাংলাদেশ গড়ার লড়াইয়ে সামিল হওয়া।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাউপিলর মো. সলিম উল্ল্যাহ বাচু, নীলু নাগ, পারভীন মাহমুদ, নরেন্দ্রনাথ সুত্রধর। অধ্যক্ষ শিক্ষক মো. আবু তালেব বেলালের স্বাগত বক্তব্যের পাশাপাশি প্রধান আলোচক প্রফেসর ড. জয়নব বেগম এবং আলোচক প্রফেসর রীতা দত্ত ও অভীক ওসমান বক্তব্য রাখেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাসনা হোড়, শুভা, জোস্বা কায়সার, সাফিয়া ইসলাম ও ফারাহানা ইসলাম রঞ্জি। অনুষ্ঠানে প্রীতিলতার উপর নাটিকা ও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।

এফবিসিসিআই এর সভাপতি মাহবুবুল আলমকে সংবর্ধনা দিয়েছে চসিক
সিটি ডেপেলপমেন্ট চার্জ চালুর দাবি চসিক মেয়র রেজাউলের

দেশের ব্যবসায়ীদের শীর্ষ সংঠন এফবিসিসিআই এর সভাপতি নির্বাচিত হওয়ায় মাহবুবুল আলমকে সংবর্ধনা দিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

রোববার দুপুরে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে মেয়র রেজাউল বলেন, চট্টগ্রামের কৃতি সন্তান মাহবুবুল আলম দেশের ব্যবসায়ীদের শীর্ষ সংঠন এফবিসিসিআই এর সভাপতি নির্বাচিত হওয়ায় চট্টগ্রামের মেয়র হিসেবে আমি আনন্দিত। এই প্লাটফর্মকে কাজে লাগিয়ে চট্টগ্রামের উন্নয়নে আরো ভূমিকা রাখবেন এই আমার আশা।

“চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাঙ্ক আর কিছু রাজস্ব আয়ের খাত ছাড়া আয়ের বড় কোন উৎস নেই। অথচ এই স্বল্প আয়ে ৭০ লক্ষ মানুষের উন্নয়নের দায়িত্ব পালন করতে হচ্ছে চসিককে। এত রাস্তা করি তাও রাস্তা ভেঙ্গে যায়। কারণ সাধারণ রাস্তার ধারণ ক্ষমতা ১০ থেকে ১২ টন। অথচ, বন্দরকে কেন্দ্র করে অনেক ট্রাক-লরি নিয়ম ভেঙ্গে চলে ৩০-৪০ টন মাল নিয়ে। ফলে সড়ক করার কিছুদিন পর অতিরিক্ত চাপে সড়ক নষ্ট হয়ে যায়।”

সিটি ডেপেলপমেন্ট চার্জ চালুর দাবি জানিয়ে মেয়র রেজাউল বলেন, আমি বন্দরের আয়ের মাত্র এক শতাংশ সিটি ডেপেলপমেন্ট চার্জ হিসেবে দাবি করেছিলাম। নানা আইনের গাঁড়াকলে তা আটকে যায়। তখন বাধ্য হয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠকে প্রস্তাব করলাম যে কন্টেনারগুলো বন্দরে নামে এবং ট্রাক-লরিগুলো বন্দরের পণ্য পরিবহণ করে সেগুলো থেকে বন্দরের গেটেই সিটি ডেপেলপমেন্ট চার্জ আদায় করা হোক। রাজধানী জন্য কেবল জনগণের হোল্ডিং ট্যাঙ্কের উপর নির্ভর করে বসে থাকলে চট্টগ্রামের অবকাঠামোগত উন্নয়ন ব্যাহত হবে। মনে রাখতে হবে টানেলসহ নতুন প্রকল্পগুলো চালু হলে চট্টগ্রামের সড়কের উপর চাপ আরো বাঢ়বে।

সংবর্ধিত এফবিসিসিআই এর সভাপতি মাহবুবুল আলম বলেন, চট্টগ্রামের মেয়ার মহোদয়ের দাবিগুলো যৌক্তিক এবং চট্টগ্রামের উন্নয়নের স্বার্থেই এ দাবি আদায়ের জন্য কাজ করব। চট্টগ্রামকে এগিয়ে নিতে হলে নির্বাচিত জনপ্রতিনিধিদের ক্ষমতায়ন করতে হবে। চসিকের কাজ অন্য সংস্থা করলে তা নগরীতে বিশৃঙ্খলা সৃষ্টি করবে। দেশকে ট্রিলিয়ন ডলারের অর্থনৈতিতে উন্নীত করতে হলে চট্টগ্রামের যোগাযোগ সক্ষমতা বাড়াতে হবে। ঢাকা- চট্টগ্রামকে উন্নীত করতে হবে ৮ লেনে, চালু করতে হবে চট্টগ্রাম থেকে ব্যাংককসহ বেশ কিছু বাণিজ্যিক নগরীর সরাসরি ফ্লাইট।

সংবর্ধনা অনুষ্ঠানে চসিকের প্যানেল মেয়ার গিয়াস উদ্দিন চৌধুরী, আফরোজা কালাম, সচিব খালেদ মাহমুদ, ব্যবসায়ী নেতা হোটেল প্যারামাউন্ট ইন্সুলেশন্সালের এমডি সালেহ আহমেদ সুলেমানসহ কাউপিলরবন্দ এবং চসিকের বিভাগীয় প্রধানবন্দ অংশ নেন।
অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মেয়ারের একান্ত সচিব আবুল হাশেম।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮